গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৬০.০৪.০০৬.১৬ (অংশ-১)- ১৪

তারিখঃ ০৫ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

## সংশোধিত অফিস আদেশ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি, ২০২১ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৬০.০৪.০০৬.১৬ (অংশ-১)-০২ সংখ্যক স্মারকমূলে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেল পুন:গঠন সংক্রান্ত আদেশ নির্দেশক্রমে নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১. | পরিচালক (প্রশিক্ষণ) | ০১ জন |
| ২. | উপপরিচালক (প্রশিক্ষণ) | ০১ জন |
| ৩. | সহকারী পরিচালক (আত্মকর্ম) | ০১ জন |
| ৪. | প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) | ০১ জন |
| ৫. | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১ জন |
| ৬. | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক | ০১ জন |
| | মোট= | ০৬ জন |

০২। (ক) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, বাস্তবায়ন ও মনিটরিং এর লক্ষ্যে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর এর তত্ত্বাবধানে পুন:গঠিত এ সেল দায়িত্ব পালন করবেন;

(খ) উল্লিখিত পদের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে পুন:গঠিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেল এর দায়িত্ব পালন করবেন;

(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ড্রাইভার ও অফিস সহায়কগণ পুন:গঠিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেল এর অতিরিক্ত দায়িত্ব পালন করবেন;

(ঘ) এতদ্বারা ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল করা হলো এবং বর্ণিত সেলে যেসকল কর্মকর্তা/কর্মচারী ইত:পূর্বে নামে/পদমর্যাদায় সংযুক্ত/কর্মরত ছিলেন তাদেরকে সেলের দায়িত্ব থেকে নির্দেশক্রমে অব্যহতি প্রদান করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১/০১/২০২১
দিলরুবা শারমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৮৫৩১।

বিতরণঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা **(অফিস আদেশ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)**
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়), হিসাব ভবন সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**